

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/স-৫৭/রে- ৬৮২০

তারিখ : ২০. ২. ১৬

## অফিস আদেশ

এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউট-এর লেকচারার পদে নিয়োগ বিষয়ে গত ১১-০২-২০১৩ তারিখের সিডিকেট সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে উদ্ধৃত করা হইলঃ

“প্রস্তাব নং সি ১৩০১১৪ : সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগকৃত (এডহক) লেকচারারদের-কে স্থায়ী পদে নিয়োগ প্রদান বিষয়ে বিবেচনা।

গত ৩১-০৭-২০১২ তারিখের সিডিকেটের ৪৬৬তম অধিবেশনে (প্রস্তাব নং সি-১২০১০০২) সিদ্ধান্ত হয় যে, সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগকৃত (এডহক) লেকচারারদের-কে স্থায়ী পদে নিয়োগ দিতে হইলে নিয়মানুযায়ী বিজ্ঞপ্তি দিয়া যথাযথ সিলেকশন বোর্ড কর্তৃক বিবেচিত হইতে হইবে। দুইটি প্রক্রিয়ার মাধ্যমে লেকচারার পদে শিক্ষক নিয়োগ দেওয়া হয়। প্রথমতঃ নিয়োগ বিজ্ঞপ্তি দিয়া সিলেকশন বোর্ড কর্তৃক বিবেচিত ব্যক্তিকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে এবং দ্বিতীয়তঃ উপাচার্য মহোদয় কর্তৃক এডহক ভিত্তিতে লেকচারার পদে সরাসরি নিয়োগ প্রদানের মাধ্যমে। এমতাবস্থায়, যাহারা সম্পূর্ণ অস্থায়ী লেকচারার পদে একবার বিজ্ঞপ্তির মাধ্যমে সিলেকশন বোর্ড কর্তৃক বিবেচিত হইয়া নিয়োগপ্রাপ্ত হইয়াছেন তাহাদেরকে স্থায়ী লেকচারার হইতে হইলে একই পদে পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান পূর্বক সিলেকশন বোর্ড কর্তৃক বিবেচিত হইতে হইবে কি-না অথবা উপাচার্য মহোদয় কর্তৃক সরাসরি এডহক ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত লেকচারারদেরকে স্থায়ী লেকচারার পদে নিয়োগ প্রদান করা হইবে কি-না তৎবিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।

- সিদ্ধান্ত : (ক) লেকচারার পদে নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে সিলেকশন বোর্ড কর্তৃক নির্বাচিত হইয়া সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (Temporary basis) নিয়োগপ্রাপ্ত হইবে। সম্পূর্ণ অস্থায়ী পদে নিয়োগকৃত লেকচারারদের সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের সুপারিশের ভিত্তিতে স্থায়ী লেকচারারের শূণ্য পদে স্থায়ী করা যাইবে।
- (খ) যাহারা বর্তমানে সিলেকশন বোর্ড কর্তৃক নির্বাচিত হইয়া সম্পূর্ণ অস্থায়ী (৬ মাসের) এডহক ভিত্তিতে আছে পরবর্তী Extension-এর সময় তাহাদের নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (Temporary basis) রূপান্তর (Convert) করা হইবে এবং তাহাদের সিনিয়রিটি বজায় থাকিবে।”

স্বাক্ষর/-

প্রফেসর ডঃ এ কে এম মাসুদ

রেজিস্ট্রার (অঃদাঃ)

ও

সিডিকেটের সেক্রেটারী

তারিখ : ২০. ২. ১৬


নং সংস্থা/স-৫৭/রে-

৬৮২০ (৪৫)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ-

- ১। সকল অনুষদের ডীন, বাপ্রবি, ঢাকা।
- ২। সকল বিভাগীয় প্রধান, বাপ্রবি, ঢাকা।
- ৩। সকল ইনস্টিটিউট-এর পরিচালক, বাপ্রবি, ঢাকা।
- ৪। পি.এস টু-ভিসি, বাপ্রবি- মাননীয় উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৫। গার্ড ফাইল।

Public



(মোঃ সোহরাব উদ্দিন)

সহকারী রেজিস্ট্রার

সংস্থাপন শাখা-১